



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
খাদ্য ভবন, খানকাহুশরীফ, গাইবান্ধা  
www.food.gaibandha.gov.bd

### বিজ্ঞপ্তি

**বিষয়ঃ চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২৩-২৪ এর আওতায় সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যে নোটিশ।**

এতদ্বারা অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২৩-২৪ মৌসুমে সরকারিভাবে সিদ্ধ চাল ক্রয়ের লক্ষ্যে গাইবান্ধা জেলাধীন আমন/২০২৩-২৪ সিদ্ধ চালের বরাদ্দপ্রাপ্ত লাইসেন্সধারী সচল ও চুক্তিযোগ্য মিল মালিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিম্নলিখিত শর্তসাপেক্ষে এ জেলার সংশ্লিষ্ট চালকল মালিকগণকে আগামী ০৫/১২/২০২৩খ্রি. তারিখ বেলা ০৩:০০ ঘটিকার মধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।

### “শর্তাবলী”

১। চুক্তির সময়সীমা ২৩/১১/২০২৩ খ্রি. হতে ০৫/১২/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত।

প্রতি কেজি সিদ্ধ চালের সংগ্রহ মূল্য- ৪৪.০০/- (চুয়াল্লিশ) টাকা;

২। আবেদনের সংঙ্গে প্রদেয় কাগজপত্র-

(ক) মিল লাইসেন্স ও ফুডগ্রেইন লাইসেন্সের ফটোকপি;

(খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;

(গ) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রজিন ছবি;

(ঘ) সর্বশেষ ০৩ (তিন) মাসের বিদ্যুৎ বিলের ফটোকপি/প্রত্যয়নপত্রের মূলকপি।

(ঙ) আবেদনপত্রে মিল মালিকের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যাদি ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

৩। চুক্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র-

(ক) ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প;

(খ) মিল লাইসেন্স ও ফুডগ্রেইন লাইসেন্সের মূলকপি;


(গ) বিদ্যুৎ বিলের মূলকপি;

(ঘ) বরাদ্দপ্রাপ্ত চালের সংগ্রহ মূল্যের ২% হারে এবং প্রয়োজনীয় সংখ্যক খালি বস্তার মূল্য বাবদ (৩০ কেজি ধারণক্ষম প্রতি বস্তার জন্য ৫৫/- টাকা ও ৫০ কেজি ধারণক্ষম প্রতি বস্তার জন্য ৯০/- টাকা হারে) পৃথক-পৃথক জামানত যে কোন তফশীলি ব্যাংক হতে জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা (District Controller of Food, Gaibandha) নামে MICR পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে;

৪। বরাদ্দপ্রাপ্ত চালকলগুলোকে স্থানীয় কৃষকদের নিকট হতে ধান ক্রয় করে মিলে ছাঁটাই করে বিনির্দেশ মানের চাল প্রস্তুত করে সংশ্লিষ্ট খাদ্য গুদামে সরবরাহ করতে হবে।

৫। আগ্রহী চালকল মালিকগণকে আবশ্যিকভাবে আগামী ০৫/১২/২০২৩ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে

নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হয়ে চুক্তি সম্পাদন করতে হবে।

  
চালমান পাটা/০২

২

=০২=

৬। সকল ক্ষেত্রে খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ ও সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলী অনুসরণ করা হবে। মিলের বরাদ্দ, বিভাজন ও জামানত সম্পর্কিত তথ্যের জন্য জেখানি দপ্তরের নোটিশ বোর্ড, ওয়েবসাইট ([www.food.gaibandha.gov.bd](http://www.food.gaibandha.gov.bd)) এবং সকাল ১০:০০টা হতে বেলা ৩:০০টা পর্যন্ত মোবাইল নম্বর ০১৭১৪-৪২৪৬৭৪, ০১৭২২-৫৩৫১০৬, ০১৭২০-৬১৭১৪১ -তে ফোন করে জানা যাবে।

স্বাঃ/-

মোঃ আল-ওয়াজিউর রহমান

জেলা খাদ্য নিয়ন্ত্রক


[dcf.gbn@dcfood.gov.bd](mailto:dcf.gbn@dcfood.gov.bd)

স্মারক নং- ১৩.০১.৩২০০.০০৫.৪৫.০১৪.২৩.২৪৪০(ক)

তারিখঃ ২১/১১/২০২৩খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১) মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা গাইবান্ধা (সকল আসন), গাইবান্ধা
- ২) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা
- ৬) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), গাইবান্ধা
- ৭) শাখা ব্যবস্থাপক, \_\_\_\_\_, গাইবান্ধা।
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), গাইবান্ধা।
- ৯) সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা মিল মালিক সমিতি, গাইবান্ধা
- ১০) সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা মিল মালিক সমিতি (সকল)..... গাইবান্ধা
- ১১) অফিস কপি/ওয়েবসাইট, অত্র দপ্তর, গাইবান্ধা

  
জেলা খাদ্য নিয়ন্ত্রক  
গাইবান্ধা  
২৩/১১/২৩